

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ২, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বিজ্ঞপ্তি

তারিখ, ১৮ আষাঢ় ১৪১৫ বঙ্গাব্দ/০২ জুলাই ২০০৮ খ্রিস্টাব্দ

নং ৩৬(মুঃপ্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ১৭-৩-১৪১৫ বঙ্গাব্দ মোতাবেক ০১-৭-২০০৮ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লেখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং ৩৬, ২০০৮

**Public Servants (Marriage with Foreign Nationals) Ordinance,
1976 এর সংশোধনকল্পে প্রণীত**

অধ্যাদেশ

যেহেতু, নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Public Servants (Marriage with Foreign Nationals) Ordinance, 1976 (Ord. No. LVII of 1976) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু, সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই অধ্যাদেশ Public Servants (Marriage with Foreign Nationals) (Amendment) Ordinance, 2008 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **Ordinance No. LVII of 1976 এর section 2 এর সংশোধন।**—
Public Servants (Marriage with Foreign Nationals) (Ord. No. LVII of 1976), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 2 এর clause (e) বিলুপ্ত হইবে।

৩। **Ordinance No. LVII of 1976 এর section 3 প্রতিস্থাপন।**—উক্ত Ordinance এর section 3 এর পরিবর্তে নিম্নরূপ section 3 প্রতিস্থাপিত হইবে, যথা :—

- "3. Restriction on marriage with foreign nationals.—(1)**
A public servant shall not marry or promise to marry a foreign national except with the permission granted under sub-section (2).
- (2) The President may, on an application made in this behalf, grant a public servant permission to marry or promise to marry a foreign national.
- (3) A public servant who contravenes the provisions of sub-section (1) shall, notwithstanding anything contained in any other law or in the terms and conditions of his service, be liable to be removed from service."

তারিখ : ১৭-৩-১৪১৫ বঙ্গাব্দ
১-৭-২০০৮ খ্রিস্টাব্দ ।

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ

রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ ।

কাজী হাবিবুল আউয়াল
সচিব ।